গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
**পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)**
প্রধান কার্যালয়
বাড়ী নং-০৫, এভিনিউ - ০৩, হাজী রোড, রূপনগর বা/এ, মিরপুর-০২, ঢাকা-১২১৬
www.pdbf.gov.bd

স্মারক সংখ্যা-৪৭.৬৬.০০০০.০১০.১১.২২২.২৪-১৫১৬

তারিখ: ২৫/০৩/২০২৫ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধিভুক্ত "পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)"এর স্থায়ী পদে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের নিমিত্ত ও প্যানেলভুক্তির লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকের নিকট হতে পদের পার্শ্বে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা ও নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অনলাইনে (http://pdbf.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন গ্রেড (বেতনক্রমসহ) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়সসীমা | যে বিভাগ/জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা<br>বেতন গ্রেড-১১,<br>টা: ১২৫০০ - ৩০২৩০ | ৩৩৫ জন | সরকার কর্তৃক স্বীকৃত কোন কলেজ/বিশ্ববিদ্যালয় হইতে কমপক্ষে ২য় শ্রেণি/সমমানের সিজিপিএ সহ বাণিজ্যে স্নাতক/সমমান ডিগ্রী। শিক্ষা জীবনে কোন ক্ষেত্রে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না। হিসাব ব্যবস্থাপনায় পারদর্শী হতে হবে। | বাংলাদেশের সকল বিভাগ/ জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |

**শর্তাবলী :**

১. **Online-এ আবেদপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যবলী নিম্নরূপ:**

ক. নিয়োগ বিজ্ঞপ্তি এবং আবেদন সংক্রান্ত নিয়মাবলী www.pdbf.gov.bd এবং http://pdbf.teletalk.com.bd এ পাওয়া যাবে।

খ. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারও সাথে বৈবাহিক সূত্রে আবদ্ধ হয়ে থাকলে কিংবা বিবাহের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না।

গ. বর্ণিত পদে ৩১ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়। এক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত পরিপত্র/ নীতিমালা অনুসরণ করা হবে। পিডিবিএফ-এ কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে কর্মচারী চাকরি প্রবিধানমালা অনুযায়ী বয়সসীমা শিথিলযোগ্য হবে।

ঘ. সরকারি/আধাসরকারি/ স্বায়ত্তশাসিত/ আধাস্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে-এ শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি /ছাড়পত্রের মূল কপি জমা দিতে হবে।

ঙ. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে পূরণকৃত Application Form এর ফটোকপিসহ নিম্নোক্ত পত্রাদি দাখিল করতে হবে:

i. প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদেয় চারিত্রিক সনদ ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি ও অভিজ্ঞতা সনদের (যদি থাকে) সত্যায়িত কপি জমা দিতে হবে।

ii. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার অথবা সকল পদে দায়িত্ব প্রাপ্ত উপযুক্ত কর্মকর্তা/ প্রতিনিধি এর নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্বের সার্টিফিকেট জমা দিতে হবে।

iii. মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এবং প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এ প্রকাশিত প্রমাণক এর আলোকে সত্যায়িত অনুলিপি উপস্থাপন করতে হবে। শারীরিক প্রতিবন্ধী, তৃতীয় লিঙ্গ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

চ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২. **আবেদনপত্র পুরণ সংক্রান্ত শর্তাবলী:**

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://pdbf.teletalk.com.bd এই ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

**(i) Online-এ আবেদনপত্র পূরণও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৭ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ সকাল-১০:০০ ঘটিকা।**

**(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৬ এপ্রিল, ২০২৫ বিকাল-০৫:০০ ঘটিকা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদন পত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১ নং ক্রমিকের জন্য আবেদন ফি বাবদ মোট ১৬৮/-(একশত আটষট্টি) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

SMS নিয়মাবলী:

প্রথম SMS: **PDBF<space>User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **PDBF ABCDEF** & send to 16222
Reply: Applicant's Name, TK-168 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type **PDBF**<Space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **PDBF**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **PDBF Yes 12345678** & send to 16222
Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for PDBF Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pdbf.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
(i) User ID জানা থাকলে **PDBF**<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: **PDBF** Help User ABCDEF & Send to 16222.
(ii) PIN Number জানা থাকলে **PDBF**<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222.
Example: **PDBF** Help PIN 12345678 & Send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও পিডিবিএফ-এর ওয়েব সাইট www.pdbf.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদ্‌সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েব সাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.pdbf.gov.bd ওয়েব সাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ বা অন্য অপারেটর থেকে ০১৫০০১২১১২১-৯ পর্যন্ত অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: **PDBF**, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য।

প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঠ) Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উপপরিচালক
প্রশাসন বিভাগ
Email: pdbfhrm@gmail.com